কালের কণ্ঠ

তারিখ 01 NOV 2016
পৃষ্ঠা ৩ কলাম ১

# জবির 'ডি' ইউনিটের ফল প্রকাশ

জবি প্রতিনিধি ▷

২০১৬-১৭ শিক্ষাবর্ষে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) সামাজিক বিজ্ঞান অনুষদের অধীনে 'ডি' ইউনিটের প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। গতকাল সোমবার (৩১ অক্টোবর) বিশ্ববিদ্যালয়ের গণসংযোগ বিভাগ থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে জানানো হয়, 'ডি' ইউনিটের ৫৯০টি আসনের (মানবিক ৩৬০, বিজ্ঞান ১৪৪, বাণিজ্য ও অন্যান্য ৮৬) বিপরীতে ৪৮ হাজার ২৬ জন আবেদনকৃত শিক্ষার্থীর মধ্যে ৩৫ হাজার ৪৫৯ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করেছিল।

'ডি' ইউনিটের (সামাজিক বিজ্ঞান অনুষদ) মানবিক শাখায় দুই হাজার ১২৫ জন, বিজ্ঞান শাখায় তিন হাজার ৫৫৩ জন এবং বাণিজ্য ও অন্যান্য শাখায় এক হাজার ৬৮২ জন মিলিয়ে মোট সাত হাজার ৩৬০ জন শিক্ষার্থীর মেধাতালিকা প্রকাশ করা হয়েছে। ফলাফল জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.jnu.ac.bd)-এ পাওয়া যাচ্ছে।